

দ্য বার্থ অফ আ নেশন



দৈর্ঘ্য: ১৯০ মিনিট । রং: সাদাকালো । দেশ: আমেরিকা । ভাষা: নির্বাক ।

পরিচালনা ও প্রযোজনা: ডি ডব্লুউ গ্রিফিথ

চিত্রনাট্য: টমাস এফ. ডিকশন জে আর উপন্যাস, দ্য ক্লাস ম্যান: এন হিস্টোরিকাল রোমান্স অব দ্য কু ক্লক্স ক্যান, দ্য লিওপার্ড স্পট, নাটক: দ্য ক্ল্যাস ম্যান], ডি ডব্লুউ গ্রিফিথ, ফ্রাঙ্ক ই উডস

অভিনয়: লিলিয়ান গিস, ম্যা মার্স, হেনরি বি ওয়ালথহল, মিরিয়াম কোপার, মেরি এলডেন, রাফ লুইস, জর্জ সিগমান, ওয়ালটার লং

সঙ্গীত: জোসেফ কার্ল ব্রিল, ডি ডব্লুউ গ্রিফিথ

চিত্রগ্রহণ: জি ডব্লুউ বিংজার

সম্পাদনা: ডি ডব্লুউ গ্রিফিথ, জোসেফ হ্যানাবেরি, জেমস স্মিথ, রোজ স্মিথ, রাউল ওয়ালস

কাহিনী সংক্ষেপ

এ চলচ্চিত্রের প্রথমাংশে ব্যাপকভাবে গৃহযুদ্ধকে তুলে ধরা হয়, দ্বিতীয়াংশে কু ক্লক্স ক্লেন-এর প্রতিষ্ঠাকে বিস্তারিতভাবে তুলে ধরা হয়। জেনারেল লি'র আত্মসমর্পণ, লিঙ্কনের গুপ্ত হত্যার মতো সে যুগের উল্লেখযোগ্য সব ঘটনাই তথ্যচিত্রের মতোই বিশ্বস্তভাবে তুলে ধরা হয়। বিশ্ব চলচ্চিত্র ইতিহাসে এটাই প্রথম চলচ্চিত্র যা আন্তর্জাতিকভাবে সমাদৃত হয়েছিল।

গৃহযুদ্ধকে কেন্দ্র করে টমাস ডিক্সনের কাহিনী অবলম্বনে ৩ ঘণ্টা ১০ মিনিট দৈর্ঘ্যের এই মহাকাব্যিক চলচ্চিত্র গড়ে উঠেছে। কর্নেল বেন ক্যামেরুন এবং কংগ্রেস ম্যান